



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Answer : Worksheet - 6
Class : 2

Subject : Bengali Grammar
Topic : পদ পরিচয় (বিশেষ্য পদ)

Date : 23.04.2020

১) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

- ক) পদ পাঁচ প্রকার। যথা — বিশেষ্য পদ, সর্বনাম পদ, বিশেষণ পদ, অব্যয় পদ ও ক্রিয়া পদ।
খ) যে পদের দ্বারা কোনো কিছুর নাম বোঝায় তাকে বিশেষ্য পদ বলে।

উদাহরণ : বিবেকানন্দ, গীতা, কলকাতা।

২) নীচে দেওয়া বিশেষ্য পদগুলি দিয়ে শূন্যস্থান পূরণ কর।

(সেবা, পাখি, লোহা, রহিম, গোরু)

- ক) রহিম বই পড়ছে।
খ) পাখি আকাশে ওড়ে।
গ) সেবা পরম ধর্ম।
ঘ) গোরু ঘাস খায়।
ঙ) লোহা একটি শক্ত ধাতু।

৩) বিশেষ্য পদগুলির নীচে দাগ দাও।

- ক) রাম ফুটবল খেলছে।
খ) সোনা মূল্যবান ধাতু।
গ) বাঘ হিংস্র প্রাণী।
ঘ) আমার কাকা গতকাল দিল্লী থেকে ফিরেছেন।
ঙ) বাইবেল একটি ধর্মগ্রন্থ।

৪) নীচের বিশেষ্যগুলির কোন্টি কোন্ শ্রেণীর বিশেষ্য লেখ।

- ক) নজরুল — নামবাচক বিশেষ্য
খ) বাঙালি — জাতিবাচক বিশেষ্য
গ) ফল — বস্তু বা দ্রব্যবাচক বিশেষ্য
ঘ) মায়ী — গুণবাচক বিশেষ্য
ঙ) ভোজন — ক্রিয়াবাচক বিশেষ্য

৫) নীচের শব্দগুলির মধ্যে যেগুলি বিশেষ্য পদ, সেগুলি বেছে নিয়ে লেখ।

- ক) বড়, লাল, পাখি
উঃ পাখি (বিশেষ্য পদ)
খ) রীনা, আমি, তুমি
উঃ রীনা (বিশেষ্য পদ)
গ) আর, দয়া, কিন্তু
উঃ দয়া (বিশেষ্য পদ)